



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২ ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান),

E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

স্মারক নং- মশিবো/ময়মন/কলেজ/২০১৯/০৬৭৬

তারিখ : ০৭/০৬/১৯

বিষয় : স্বীকৃতি নবায়ন প্রসঙ্গ।

এতদ্বারা নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহ ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন “ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ” এর স্বীকৃতির সময়সীমা ০১/০৭/২০১৯ তারিখ হতে ৩০/০৬/২০২২ তারিখ পর্যন্ত মোট ০৩(তিন) বছরের জন্য বৃদ্ধি করেছেন।

### শাখাসমূহ

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা ৩। বিজ্ঞান

### বিষয়সমূহ :

আবশ্যিক :

- ১। বাংলা
- ২। ইংরেজি
- ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

মানবিক :

- ১। পৌরনীতি ও সুশাসন
- ২। অর্থনীতি
- ৩। সমাজকর্ম
- ৪। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
- ৫। যুক্তিবিদ্যা

ব্যবসায় শিক্ষা :

- ১। হিসাব বিজ্ঞান
- ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
- ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন।
- ৪। পরিসংখ্যান

বিজ্ঞান :

- ১। পদার্থ বিজ্ঞান
- ২। রসায়ন বিজ্ঞান
- ৩। জীব বিজ্ঞান
- ৪। উচ্চতর গণিত

### শর্তসমূহ :

- ১। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ২। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ৩। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০)- শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে

( অপর পাতায় দৃষ্টব্য..... ২ )

- ৪। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ৫। প্রতিষ্ঠানে শিক্ষার্থীর সংখ্যা আরও বৃদ্ধি করতে হবে।
- ৬। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আরও উন্নীত করতে হবে।
- ৭। উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ৩ (তিন) মাসে গভর্নিং বডির নূন্যতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
- ৮। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :
- (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট
- (খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
- (গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা বোর্ডের সচিব এর অনুকূলে ব্যাংক ড্রাফট।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে  
স্বা:

প্রাপকঃ অধ্যক্ষ

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ  
(EIIN-111925)  
সদর, ময়মনসিংহ।

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ময়মনসিংহ

মেমো নং - ০৬৭৬ ৫৭.

তারিখ : ০৫/০৮/১৭.

সদয় অবগতির জন্য প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৫. অফিস কপি।

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ময়মনসিংহ।